গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা

# এপিএ টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| সভার তারিখ | ০৬ জানুয়ারি ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | অফিস কক্ষ (কক্ষ নং-৬২১, ৬ষ্ঠ তলা), রেলভবন, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর ১০ নং অনুচ্ছেদে এপিএ টিমের সদস্যদের নিয়ে প্রতি দুই মাসে একবার সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় প্রান্তিকের প্রতিবেদন (প্রমাণকসহ) বাজেট বাস্তবায়ন কমিটি ও এপিএ টিমের সভায় উপস্থাপনপূর্বক আগামী ১৫.০১.২০২২ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে এপিএমএস সফ্যটওয়ারে দাখিল করতে হবে। সে বিবেচনায় অদ্যকার এ সভা আয়োজন করা হয়েছে। ইতোমধ্যে গত ০৫.০১.২০২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এপিএ'র ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

১.২ বার্ষিক কর্মসম্পাদন টিমের সভাপতি সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্য-৭০ ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে-৩০ নম্বর বরাদ্দ রাখা হয়েছে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (NIS, GRS, Citizen's Charter, E-governance & Innovation ও RTI) বাস্তবায়নের জন্য পৃথক পৃথক কর্মপরিকল্পনায় নিম্নোক্তভাবে ৩০ নম্বর বন্টন করা হয়েছে:

| কর্মপরিকল্পনা | মোট নম্বর | এপিএ-তে ওয়েটেজ |
|---|---|---|
| এনআইএস | ৫০ | ১০ |
| ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন | ৫০ | ১০ |
| সোবা প্রদান প্রতিশ্রুতি | ২৫ | ৩ |
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা | ২৫ | ৪ |
| তথ্য অধিকার | ২৫ | ৩ |

১.৩ রেলপথ মন্ত্রণালয়-এর ২০২১-২২ অর্থবছরের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও মোট মান নিম্নোক্তভাবে করা হয়েছে:

| ক্রমিক | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম সংখ্যা | কর্মসম্পাদন সূচক সংখ্যা | মোট নম্বর |
|---|---|---|---|---|
| ১. | রেলওয়ের অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ | ১২ | ১৫ | ২৫ |
| ২. | দক্ষ, উন্নত, আরামদায়ক এবং নিরাপদ রেল সেবা প্রদান | ০৭ | ১০ | ২০ |
| ৩. | রোলিং স্টক উন্নয়ন (সংগ্রহ, পুনর্বাসন ও রক্ষণাবেক্ষণ) | ০৩ | ০৬ | ১৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | রাজস্ব আয় ও সরকারি কর্মচারিদের সক্ষমতা বৃদ্ধি | ০৩ | ০৫ | ১০ |

১.৪ সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য জনাব ওয়াহেদুর রশীদ, সহকারী সচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২)-কে আহ্বান জানানো হলে তিনি সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ-তে কৌশলগত উদ্দেশ্যে মোট ৩৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এরমধ্যে, ৩১টি কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা দপ্তর/সংস্থার (বাংলাদেশ রেলওয়ে-২৮টি সূচক-মান-৫৪ এবং সরকারি রেল পরিদর্শন অধিদপ্তর-৩টি সূচক-মান-৬) মাধ্যমে অর্জিত হবে, যার সর্বমোট মান-৬০। মন্ত্রণালয়ের কার্যক্রমের সূচক সংখ্যা ৫টি এবং মান ১০। অর্থাৎ ২০২১-২২ অর্থবছরের দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের নিজস্ব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কৌশলগত উদ্দেশ্যের ৭০ নম্বর অর্জন করতে হবে। এছাড়া, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মান ৩০, যা মন্ত্রণালয়ের NIS, GRS, Citizen's Charter, E-governance & Innovation ও RTI বাস্তবায়নের মাধ্যমে অর্জিত হবে। জনাব ওয়াহেদুর রশীদ, সহকারী সচিব আলোচ্যসূচি অনুসরণে সংশ্লিষ্ট বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) গত ০৭/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন পর্যালোচনা; | | ক.১ ২য় সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়িত হয়েছে। | |

| | | | |
|---|---|---|---|
| খ) ২০২১-২২ অর্থবছরের কৌশলগত উদ্দেশ্য অগ্রগতি বাস্তবায়ন পর্যালোচনা; | সভায় রেলপথ মন্ত্রণালয়-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য়কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০২১) কৌশলগত উদ্দেশ্য অংশের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, ২য় কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ে হতে অক্টোবর-নভেম্বর ২০২১ মাসের অগ্রগতি পাওয়া গেছে। তন্মধ্যে, ৪টি কর্মসম্পাদন সূচকে (১.২.১, ১.৫.১, ১.১০.১, ১.১১.১) লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে, ২৫টি সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে এবং ৭টি সূচকে (১.৪.১, ১.৪.২, ১.১২.১, ২.৩.১, ২.৫.১, ২.৬.১, ৪.২.১) কোন অগ্রগতি নেই। অগ্রগতিবিহীন সূচকের যথাযথ অগ্রগতি অর্জনে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। গত ২৩.১২.২০২১ তারিখে ২য় কোয়ার্টারের(অক্টোবর-ডিসেম্বর ২০২১) কৌশলগত উদ্দেশ্য অংশের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ০৪.০১.২০২২ এর মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ঠ সকলকে অনুরোধ করা হয়েছে। | খ.১ শতভাগ অর্জিতসহ সকল সূচকসমূহের চূড়ান্ত প্রতিবেদনসহ প্রমাণক আগামী ১১.০১.২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| | | খ.২ কর্মসম্পাদন সূচক ১.৩.১ এর বিপরীতে নতুন নির্মিত স্টেশন বিল্ডিং এর তালিকা দাখিল করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| | | খ.৩ কর্মসম্পাদন সূচক ১.৪.১, ১.৪.২ এর অর্জনে তৎপর হওয়ার জন্য প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম)-কে পত্র দিতে হবে। | এপিএ টিম |
| | | খ.৪ কর্মসম্পাদন সূচক ২.৬.১ এর অর্জনে তৎপর হওয়ার জন্য অতিরিক্ত মহাপরিচালক, (অপারেশন)-কে পত্র দিতে হবে। | এপিএ টিম |
| | | খ.৫ পরিচালক (যন্ত্র প্রকৌশলী), বাংলাদেশ রেলওয়ে-কে মন্ত্রণালয়ের এপিএ টিমে কো-অপ্ট করতে হবে। | এপিএ টিম |
| গ) ২০২১-২২ অর্থবছরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের এপিএ-তে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মান ৩০। NIS, GRS, Citizen's Charter, E-governance & Innovation ও RTI শীর্ষক কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সূচক অর্জিত হবে। ২০২১-২২ অর্থবছর হতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রতিটি কর্মপরিকল্পনার জন্য পৃথকভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত প্রতিবেদন হতে আনুপাতিক হারে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ-তে নম্বর দেয়া হবে। মন্ত্রিপরিষদ বিভাগ-এর সংশ্লিষ্ঠ শাখায় NIS, GRS, Citizen's Charter, E-governance & Innovation ও RTI সংক্রান্ত দাখিলকৃত প্রতিবেদনের মূল্যায়ণ চুড়ান্ত বলে গণ্য করা হবে। | গ.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কর্মপরিকল্পনাসমূহের প্রতিবেদন প্রাপ্তির পর তা নির্ধারিত ছকে অন্তর্ভুক্ত করে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | এপিএ টিম |

| | | | |
|---|---|---|---|
| ঘ. কৌশলগত উদ্দেশ্যের সূচক সমূহের অর্জনে প্রত্যেক সূচকের বিপরীতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত প্রমাণকের তালিকা পর্যালোচনা। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এপিএএমএস সফটওয়্যারে দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। ১৪-১৫ জানুয়ারি সাপ্তাহিক বন্ধ থাকায় ১৩ জানুয়ারি ২০২২-কে সর্বশেষ দিন বিবেচনা করা যেতে পারে। | ঘ.১ আগামী ১৩ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এপিএএমএস সফটওয়্যারে দাখিল করতে হবে। (মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে হতে প্রাপ্ত প্রমাণক সফটওয়্যারে আপলোড করা হবে) | এপিএ টিম |

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০.৯

তারিখ: ২৭ পৌষ ১৪২৮
১১ জানুয়ারি ২০২২

বিতরণ (সদয় কাযার্থে ও জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক, এডিজি (এম এ্যান্ড সিপি) ও দলনেতা, এপিএ টিম, বাংলাদেশ রেলওয়ে
২) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব, বাজেট অধিশাখা ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়
৪) যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়
৫) যুগ্ম-সচিব, উন্নয়ন-২ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
৬) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ শাখা ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়
৭) উপসচিব, প্রশাসন-৬ শাখা ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়
৮) উপসচিব, প্রশাসন-৪ শাখা ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়
৯) উপসচিব, উন্নয়ন-৩ শাখা ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয়
১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
১১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল ও সদস্য, এপিএ টিম, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩) উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ (চলতি দায়িত্ব), উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ এর দপ্তর ও সদস্য সচিব, এপিএ টিম, বাংলাদেশ রেলওয়ে
১৪) অতিরিক্ত সচিব, বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়



ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব